

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৭৩

আগরতলা, ১২ মার্চ, ২০ ১৮।

মন্ত্রিসভার সদস্যদের সাথে কিষাণ মোর্চার
ত্রিপুরা প্রদেশের প্রতিনিধি দলের সাক্ষাৎ

নব নির্বাচিত বিজেপি-আই পি এফ টি সরকারের মন্ত্রিসভার সদস্যদের সাথে বি জে পি কিষাণ মোর্চা, ত্রিপুরা প্রদেশের এক প্রতিনিধি দল আজ দুপুরে মহাকরণে সাক্ষাৎ করেন। প্রথমে প্রতিনিধি দলটি রাজ্য মন্ত্রিসভার প্রাণীসম্পদ বিকাশ, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমার সাথে সাক্ষাৎ করেন ও পুষ্পস্তুবক দিয়ে তাঁকে সংবর্ধনা জ্ঞাপন করেন। এরপর এই প্রতিনিধি দলটি কৃষি, পরিবহণ ও পর্যটন দপ্তরের মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, রাজস্ব ও মৎস্য দপ্তরের মন্ত্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা এবং উপজাতি কল্যাণ ও বন দপ্তরের মন্ত্রী মেবার কুমার জমাতিয়ার সাথে সাক্ষাৎ করে সংবর্ধনা জ্ঞাপন করেন। প্রতিনিধি দলটিতে নব নির্বাচিত বিধায়ক প্রমোদ রিয়াং, কিষাণ মোর্চার ত্রিপুরা প্রদেশের সভাপতি তথা প্রাক্তন মন্ত্রী জওহর সাহা, ভাইস প্রেসিডেন্ট শান্তিরঞ্জন রিয়াং, জেনারেল সেক্রেটারি গৌতম সরকার, প্রদেশ কোষাধ্যক্ষ রতন রায়, সেক্রেটারীদ্বয় লিপিকা নাথ ও পিযেষ দেববর্মা, গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার সভাপতিদ্বয় তাপস দাস ও সত্যব্রত সাহা প্রমুখ উপস্থিত ছিলেন।
